অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 17/1/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) ব্ল্যাক হিস্ট্রি মাসে নিউ ইয়র্কের MWBES শক্তিশালী করার জন্য "ট্রেইলব্লেজারস ইন বিজনেস" সার্টিফিকেশন উদ্যোগ ও ব্যবসায়িক প্রবৃদ্ধি ত্বরান্বিত করা উদ্যোগ চালু করেছেন

সার্টিফিকেশন ইনিশিয়েটিভ স্টেটব্যাপী বিসনেস অ্যাডভাইসারি নেটওয়ার্কের মাধ্যমে ফ্রিতে সহায়তা প্রদান করে

MWBE সার্টিফিকেশনকে 90 দিনে মধ্যে সহজতর করার ক্ষেত্রে স্টেটের সাফল্যের উপর নির্ভর করে

বিজনেস গ্রোথ এক্সিলারেটর 3.0 নির্মাণ ও ইলেকট্রনিক্স পণ্য উৎপাদন শিল্পের জন্য আবেদন চালু করেছে

বিজনেস গ্রোথ এক্সিলারেটর প্রোগ্রামগুলোর মাধ্যমে ইতোমধ্যে স্টেটের চুক্তিতে 105 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে

স্টেটের প্রস্তাবগুলোর মধ্যে রয়েছে হায়ার পারচেজ থ্রেশহোল্ড অল্টারনেটিভ প্রজেক্ট ডেলিভারি ও MWBE অংশগ্রহণ বৃদ্ধির জন্য প্রি-কোয়ালিফিকেশন অথরিটি

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ব্ল্যাক হিস্ট্রি মাস চলাকালীন সময়ে নিউ ইয়র্ক স্টেটের সংখ্যালঘু ও মহিলা মালিকানাধীন ব্যবসা উদ্যোগ (Minority and Women-owned Business Enterprise, MWBE)কমিউনিটিকে শক্তিশালী করার জন্য দুটি উদ্যোগ ঘোষণা করেছেন, যা MWBE ক্রয় সংস্কারের জন্য তার সম্প্রতি ঘোষিত স্টেট অব দ্য স্টেট প্রস্তাবের উপর নির্ভর করে। “ট্রেলব্লেজার্স ইন বিজনেস” সার্টিফিকেশন ইনিশিয়েটিভ ও নিউ ইয়র্ক স্টেটের MWBE বিজনেস গ্রোথ অ্যাক্সিলারেটর 3.0 প্রোগ্রাম স্টেট জুড়ে MWBE-দের জন্য সুযোগ বৃদ্ধি করবে। 20 জানুয়ারি থেকে 28 ফেব্রুয়ারি, 2025 সাল পর্যন্ত চলমান, সার্টিফিকেশন ইনিশিয়েটিভ যোগ্য MWBE-গুলোকে স্টেট সার্টিফিকেশনে তাদের আবেদনগুলো সম্পূর্ণ করতে সাহায্য করতে ফ্রিতে, ব্যাপক সাহায্য প্রদান করার জন্য স্টেটব্যাপী ব্যবসায়িক পরামর্শ কেন্দ্রগুলোর একটি নেটওয়ার্ককে কাজে লাগাবে। যৌথভাবে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) তার বিজনেস গ্রোথ এক্সিলারেটর প্রোগ্রাম চালু করেছে, যা নির্মাণ শিল্প ও ইলেকট্রনিক্স পণ্য উৎপাদন প্লান্ট নির্মাণ ব্যবসায় সার্টিফাইড MWBE-দের নিবিড় প্রযুক্তিগত

সহায়তা ও ব্যবসায়িক উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের জন্য পরিকল্পনা করা হয়েছে যাতে তারা উচ্চ-মূল্যের সরকারি ও বেসরকারি চুক্তির সুযোগের জন্য প্রতিযোগিতা করতে পারে।

"ব্ল্যাক হিস্ট্রি মাস চলাকালীন সময়ে, আমরা অর্থনৈতিক সুযোগ বৃদ্ধি করতে ও নিউ ইয়র্ক স্টেট জুড়ে আরও ব্যাপক ব্যবসায়িক পরিবেশ তৈরি করতে সাহসী পদক্ষেপ গ্রহণ করছি, যার মধ্যে MWBE ক্রয়কে সহজ করার জন্য ঐতিহাসিক সংস্কার অন্তর্ভুক্ত রয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "বিজনেস ইনিশিয়েটিভে আমাদের মধ্যস্থতাকারীগণ MWBE সার্টিফিকেশনের পথকে সুগম করে, অন্যদিকে আমাদের বিজনেস গ্রোথ অ্যাক্সিলারেটর ফার্মগুলোকে নির্মাণ ও ইলেকট্রনিক্স পণ্য উৎপাদনে বিশেষ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সজ্জিত করে। সম্মিলিতভাবে, এই প্রোগ্রামগুলো নিউ ইয়র্কের অর্থনৈতিক ভবিষ্যতে সুযোগের নতুন অধ্যায় চালু করবে, প্রতিটি যোগ্য ব্যবসা আমাদের স্টেটের বৃদ্ধিতে অবদান রাখতে পারে তা নিশ্চিত করে।"

চিফ ডাইভারসিটি অফিসার জুলিসা গুতিয়েরেজ বলেন, "বিজনেস ইনিশিয়েটিভে মধ্যস্থতাকারীগণ MWBE এর সাফল্যের জন্য আমাদের প্রমাণিত প্রতিশ্রুতির উপর নির্ভর করে। সার্টিফিকেশন প্রক্রিয়াকরণকে সহজতর করে এবং আমাদের ব্যবসায়িক উপদেষ্টা নেটওয়ার্কের মাধ্যমে হাতে কলমে সাহায্য প্রদানের মাধ্যমে, আমরা স্টেট জুড়ে উপযুক্ত ব্যবসা প্রতিষ্ঠানের জন্য প্রকৃত সুযোগ তৈরি করছি। এই প্রচেষ্টাগুলো আমাদের কমিউনিটিগুলোকে শক্তিশালী করে এবং ব্যাপক প্রবৃদ্ধিকে চালিত করে যা সকল নিউ ইয়র্কবাসীর উপকারে আসে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হোপ নাইট বলেন, "আমরা আমাদের বিজনেস ইনিশিয়েটিভে মধ্যস্থতাকারীগণের মাধ্যমে সার্টিফিকেশন প্রক্রিয়াটি সহজতর করার পাশাপাশি আমরা নির্মাণ ও ইলেকট্রনিক্স পণ্য উৎপাদনে অভূতপূর্ব সুযোগের জন্য MWBE-সমূহকে প্রস্তুত করছি। আমাদের বিজনেস গ্রোথ এক্সিলারেটর এই সেক্টরগুলোর চাহিদা অনুযায়ী বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করে, নতুন সার্টিফাইড ব্যবসা প্রতিষ্ঠানগুলো নিউ ইয়র্কের দ্রুততম ক্রমবর্ধমান শিল্পগুলোতে প্রতিযোগিতা ও সফল হওয়ার জন্য প্রস্তুত তা নিশ্চিত করে।"

সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা বিজনেস এন্টারপ্রাইজ ডেভেলপমেন্টের ESD বিভাগের নির্বাহী পরিচালক জেসন ক্লার্ক বলেন, "আমাদের দেশের শীর্ষস্থানীয় 32 শতাংশ মেগাওয়াট ব্যবহারের হার স্মার্ট, লক্ষ্যযুক্ত সহায়তার প্রভাব তুলে ধরে। সার্টিফিকেশন প্রক্রিয়া ত্বরান্বিত করে এবং আমাদের এক্সিলারেটর প্রোগ্রামের মাধ্যমে বিশেষায়িত ব্যবসায়িক উন্নয়ন প্রদান করে, যা ইতোমধ্যে চুক্তিতে 105 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি আয় করেছে, আমরা নিউ ইয়র্কের MWBE কমিউনিটির জন্য একটি বিস্তৃত পথ তৈরি করছি।"

MWBE সুযোগ সুবিধা বৃদ্ধি করণে স্টেটের প্রস্তাব

তার 2025 সালের স্টেট অব দ্য স্টেট ভাষণে, গভর্নর Hochul (হোকল)নিউ ইয়র্ক স্টেট জুড়ে MWBE এর সুযোগ-সুবিধাগুলো বৃদ্ধি করার প্রস্তাব ঘোষণা করেছিলেন। গভর্নরের পরিকল্পনার মধ্যে রয়েছে MWBE এর ঐচ্ছিক ব্যয়ের সীমা 1.5 মিলিয়ন মার্কিন ডলারে বাড়ানো, ক্রয় প্রক্রিয়াগুলো সহজতর করতে এবং নিউ ইয়র্কের MWBE কমিউনিটির জন্য নতুন চুক্তির সুযোগ তৈরি করতে MTA ও নিউ ইয়র্ক সিটির মানদণ্ডের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে সমন্বয় করা।

প্রস্তাবগুলো বিকল্প প্রকল্প বিতরণ প্রক্রিয়াগুলো বৃদ্ধি করে, যেমন বিকল্প নকশা নির্মাণ ও ঠিকাদারের নেতৃত্বাধীন নির্মাণ ব্যবস্থাপনা, ছোট ও উদীয়মান ফার্মগুলোর জন্য আরো একটি ন্যায্য ব্যবস্থাপনা তৈরি করা। এছাড়াও, গভর্নর স্টেট এজেন্সিগুলো ও কর্তৃপক্ষকে পূর্ব অনুমোদিত তালিকা প্রদান করেছেন, যাতে উপযুক্ত বিক্রেতাদের কাছ থেকে দরপত্র রিভিউ করা হয় এবং ক্রয় প্রক্রিয়ায় উদীয়মান MWBE ফার্মগুলোকে সহায়তা করা হয়।

এই ব্যাপক সংস্কারগুলো MWBE এর অগ্রগতি ও সাফল্যকে সহায়তা করার ক্ষেত্রে জাতীয় নেতা হিসেবে নিউ ইয়র্কের অবস্থানকে শক্তিশালী করে, সার্টিফাইড ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য স্টেটের চুক্তিতে প্রতিযোগিতা ও প্রবৃদ্ধির জন্য নতুন পথ তৈরি করে।

বিজনেস সার্টিফিকেশন ইনিশিয়েটিভে মধ্যস্থতাকারীগণ

নিউ ইয়র্ক স্টেটের সহজলভ্য সার্টিফিকেশন প্রক্রিয়ার উপর ভিত্তি করে যা ইতোমধ্যেই 90 দিনেরও কম সময়ে সিদ্ধান্ত প্রদান করে, বিজনেস সার্টিফিকেশন ইনিশিয়েটিভে মধ্যস্থতাকারীগণের মধ্যে অংশগ্রহণকারীগণ আরও দ্রুত সমাধান পেতে পারে। যোগ্যতা অর্জনের জন্য ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে অবশ্যই নির্বাহী আইন অনুচ্ছেদ 15-A ও টাইটেল 5 এ বর্ণিত নির্দেশনাগুলো পূরণ করতে হবে, এই উদ্যোগের লক্ষ্য যোগ্য আবেদনকারীগণ যাদেরকে পাঁচ কার্যদিবসের মধ্যে তথ্যের যে আহ্বান করা হয় তাতে সাড়া দেয় তাদের জন্য প্রক্রিয়াটি আরও জোরদার করা।

MWBE বিনামূল্যে আবেদন সহায়তার জন্য নিম্নলিখিত সংগঠনগুলোর সাথে যোগাযোগ স্থাপন করতে পারবে:

- উদ্যোক্তা সহায়তা কেন্দ্র – esd.ny.gov/entrepreneurial-assistance-program
- ক্ষুদ্র ব্যবসা উন্নয়ন কেন্দ্র – nysbdc.org
- Empire APEX Accelerator – empireapexMWBE@nystec.com
- লাগার্ডিয়া অ্যাপেক্স অ্যাক্সিলারেটর – laguardia.edu/ce/business-services/apex-accelerators
- ব্রঙ্কস চেম্বার অব কমার্স – bronxchamber.org
- লা ফুয়ের্জা ইউনিডা কমিউনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশন - lafuerzacdc.org/pages/services

নিউ ইয়র্ক স্টেট MWBE বিজনেস গ্রোথ এক্সিলারেটর

নিউ ইয়র্ক স্টেটের MWBE বিজনেস গ্রোথ অ্যাক্সিলারেটর 3.0 প্রোগ্রামটি পূর্ববর্তী সংস্করণের সাফল্যের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে, যা 125টি MWBE ফার্মের সক্ষমতা বৃদ্ধি করতে সাহায্য করেছে এবং 105 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি চুক্তি প্রদানের সুবিধা দিয়েছে। প্রোগ্রামটি নিবিড় প্রযুক্তিগত সহায়তা ও ব্যবসা উন্নয়ন প্রশিক্ষণের পাশাপাশি নির্মাণ শিল্প ও ইলেকট্রনিক্স উৎপাদন প্লান্ট নির্মাণ ব্যবসায় সার্টিফায়েড ও প্রবৃত্তি ভিত্তিক MWBE প্রদান করবে।

অংশগ্রহণকারীগণ নিউ ইয়র্ক স্টেট এজেন্সি নির্মাণ ও ইলেকট্রনিক্স উৎপাদন প্লান্ট নির্মাণ-ভিত্তিক চুক্তি, শিল্প বিষয়ক বিশেষজ্ঞ, নির্মাণ ব্যয় অনুমান ও বিল্ডিং দক্ষতা, চুক্তির সুযোগের প্রস্তুতির জন্য মূলধন সংস্থান ও পরামর্শদাতা ও প্রযুক্তিগত সহায়তার পাশাপাশি একটি উপযুক্ত, কৌশলগত পাঁচ বছরের ব্যবসায়িক বৃদ্ধি পরিকল্পনায় বর্ধিত অ্যাক্সেস পাবেন। আগ্রহী আবেদনকারীরা আবেদন করতে পারবেন এখানে।

নিউ ইয়র্ক স্টেট MWBE বিজনেস গ্রোথ এক্সিলারেটর প্রোগ্রামটি চারটি পর্যায়ে সম্পন্ন হবে:

- পর্যায় 1 (মাস 1-3): প্রচার, নিয়োগ ও পাঠ্যক্রমের নকশা
- পর্যায় 2 (মাস 4-11): অংশগ্রহণকারীদের চাহিদা অনুসারে নিবিড়, পাঠ্যক্রম ভিত্তিক প্রশিক্ষণ
- পর্যায় 3 (মাস 12-15): ওয়ান-অন-ওয়ান কোচিং ও বিজনেস গ্রোথ প্ল্যান ডেভেলপমেন্ট
- পর্যায় 4 (মাস 16-18): স্নাতকোত্তর সহায়তা ও চলমান সহায়তা

নিউ ইয়র্ক স্টেট MWBE বিজনেস গ্রোথ এক্সিলারেটর 3.0 প্রোগ্রামের জন্য যোগ্যতা অর্জনের জন্য আবেদনকারীদের অবশ্যই একটি নির্মাণ পরিষেবা, নির্মাণ পরামর্শদাতা অথবা ইলেকট্রনিক্স পণ্য উৎপাদন প্লান্ট নির্মাণ বাণিজ্য ফার্ম এবং কমপক্ষে দুই বছর ধরে কাজ করছে এমন হতে হবে। প্রোগ্রামটিতে অংশ গ্রহণ করার জন্য বিনামূল্যে ও ভার্চুয়াল ও ব্যক্তিগতভাবে ব্যবসা উন্নয়ন সহায়তার মাধ্যমে প্রদান করা হবে, যার মধ্যে রয়েছে কর্মশালা, ব্যক্তিগত পরামর্শ প্রদান ও নেটওয়ার্কিং সুযোগসমূহ।

নিউ ইয়র্কের MWBE-গুলির জন্য গভর্নর Hochul-এর (হোকল) সমর্থন

গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট তার MWBE প্রোগ্রামকে ব্যাপক অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য একটি জাতীয় মডেলে রূপান্তরিত করেছে। 2023 অর্থবছরের কৌশলগত 11 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ সার্টিফিকেশন জটিলতা দূর করেছে এবং আবেদনের প্রতিক্রিয়ার সময়কে 90 দিন বা এর কম সময়ের মধ্যে করেছে। 2023 সালের আগস্ট মাস থেকে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সফলভাবে 3,700টিরও বেশি ব্যবসা প্রতিষ্ঠানকে সার্টিফাইড ও পুনঃসার্টিফাইড করেছে, যা স্টেট চুক্তির সুযোগগুলোতে অ্যাক্সেসকে সহজতর করেছে।

নিউ ইয়র্ক MWBE-এ অংশগ্রহণের জন্য জাতীয় মানাদণ্ড স্থাপন করে চলেছে, টানা চতুর্থ বছর ধরে 32.21 হারের সাথে 30 ব্যবহারের লক্ষ্য অতিক্রম করেছে। এই অর্জনটি 2023-24 অর্থবছরে সার্টিফাইড MWBE-কে প্রদত্ত স্টেট চুক্তিতে প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিনিধিত্ব করে, গভর্নর Hochul (হোকল) দায়িত্ব গ্রহণের পর থেকে প্রায় 12 বিলিয়ন মার্কিন ডলার বরাদ্দে অবদান রেখেছে। প্রোগ্রামের প্রভাবেকে আরও জোরদার করে, গভর্নল সম্প্রতি নিউ ইয়র্ক স্টেট MWBE সার্টিফাইড ডিকাল চালু করেছেন, যা সার্টিফিকেশনের একটি অফিসিয়াল সংকেত যা যোগ্য ব্যবসা প্রতিষ্ঠানের জন্য দৃশ্যমানতা বৃদ্ধি করে এবং সরকারী ও বেসরকারী উভয় খাতের অংশীদারদের সাথে নতুন সুযোগ খুলে দেয়।

স্টেট সিনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন, "বিজনেস' সার্টিফিকেশন ইনিশিয়েটিভে গভর্ণর Hochul (হোকল) এর মধ্যস্থতা ও বিজনেস গ্রোথ অ্যাক্সিলারেটর নিউ ইয়র্কে সংখ্যালঘু ও

মহিলাদের মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোাগের ক্ষমতায়নের জন্য প্রশংসনীয় পদক্ষেপ। এই প্রোগ্রামগুলো বিশেষকরে নির্মাণ ও ইলেকট্রনিক্স পণ্য উৎপাদনের মত গুরুত্বপূর্ণ শিল্পগুলোর জন্য বাধাগুলো ভেঙে এবং স্থায়ী সুযোগ তৈরি করার প্রতিশ্রুতির বিষয়ে জোর প্রদান করে। যদিও ব্ল্যাক হিস্ট্রি চলাকালীন মাসে এই ধরনের কার্যকর পরিকল্পনার উদ্যোগ চালু করা উপযুক্ত, আমাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে এই প্রচেষ্টাগুলো ফেব্রুয়ারি মাসের বাইরেও বৃদ্ধি হবে, সারা বছর এবং আগত প্রজন্মের জন্য আমাদের MWBE-গুলোর জন্য টেকসই প্রবৃদ্ধি ও ন্যায্যতা বজায় রাখবে।"

অ্যাসেম্বলিমেম্বার রডনিস বিচোট হারমেলিন বলেন, "আমি গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এর সাহসী MWBE প্রস্তাবগুলোকে, বিশেষ করে MWBE-এর বিবেচনামূলক ক্রয়ের সীমাকে 1.5 মিলিয়ন মার্কিন ডলারে বৃদ্ধি করার জন্য সাধুবাদ জানাই। বছরের পর বছর ধরে আমি এই মানদণ্ড সামঞ্জস্য করার চেষ্টা করার জন্য লড়াই করছি এবং আমার সহকর্মীদের সাথে 1.5 মিলিয়ন ডলারে বৃদ্ধি বাস্তবায়নের মাধ্যমে নিউ ইয়র্ক সিটিতে বাধাসমূহ অতিক্রম করতে সক্ষম হয়েছি। এখন, আমরা আমাদের মহান স্টেট জুড়ে সকল MWBE গুলোকে ক্ষমাতায়নের জন্য MTA ও নিউ ইয়র্ক সিটির ক্রয়ের মানগুলোর সাথে নিউ ইয়র্ক স্টেটকে সামঞ্জস্যপূর্ণ করে আরও বেশি সুযোগের দ্বার উন্মোচন করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন